দৈনিক ইনকিলাব

তারিখ 25 SEP 1993
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৭ ...

20

## মাদ্রাসায় পড়ি বলে আমরা কি নারী নই?

বর্তমান সরকারের মাননীয়া প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে আমরা জানাই আন্তরিক মোবারকবাদ এই জন্য যে, তিনি দেশের নারী সম্প্রদায়ের শিক্ষার জন্য বিভিন্ন উদ্যোগ, কর্মসূচী গ্রহণ করছেন। সাথে সাথে আমরা অত্যন্ত বেদনা ও দুঃখ অনুভব করি এই জন্য যে, সরকার শুধু স্কুল, কলেজের মহিলাদের জন্যেই প্রচেষ্টা চালাচ্ছেন। যেমন পৌর এলাকার বাইরে অষ্টম শ্রেণী পর্যন্ত বেতন মওকুফ করেছেন। এমনকি দশম শ্রেণী পর্যন্ত এ পর্যায়ের অন্তর্ভুক্ত করার পরিকল্পনা নিচ্ছেন। প্রতি থানায় একটি করে বালিকা বিদ্যালয় সরকারী করণের সিদ্ধান্ত নিয়েছেন এবং বালিকাদের জন্য পৃথক বৃত্তি প্রদানের কথা ঘোষণা করেছেন। কিন্তু আমরা যারা বিভিন্ন মাদ্রাসায় এবং পৃথক মহিলা মাদ্রাসায় অধ্যয়ন করছি, আমরা কি নারী নই? দ্বীনি শিক্ষা গ্রহণ করা কি আমাদের অপরাধ? আমাদের মতে বিশ্বের ২য় বৃহত্তম সংখ্যাগরিষ্ঠ মুসলিম রাষ্ট্রে, ইসলামী শিক্ষার প্রতি এই অবহেলা আমরা আপনার কাছ/থেকে কলেজের নারী শিক্ষার সাথে সাথে মহিলা মাদ্রাসাকে সরকারীকরণসহ বিভিন্ন সুযোগ-সুবিধা প্রদান করে দ্বীনি শিক্ষা প্রসারে সাহায্য করুন।

সাজেদা, শাহেদা, আরেফা, লুৎফা,
রোশন, নীলুফা, ফরিদা, আয়শা,
গাঃ ইসলামিয়া রব্বানী মহিলা মাদ্রাসা,
সাতকানিয়া, চট্টগ্রাম।